

প্রতিদিন সকালে ঘুম থেকে উঠে এবং রাতে ঘুমাতে যাওয়ার পূর্ব পর্যন্ত যে সকল ইবাদত করা যায় তার একটি তালিকা তৈরি করো ।

শিরোনাম: ইবাদত

ইবাদতের ধারণা, প্রকারভেদ ও তালিকা প্রস্তুতকরণ

উত্তর: ইবাদত আরবি শব্দ এর আভিধানিক অর্থ হলো:- চূড়ান্ত বিনয়, আনুগত্য ও বশ্যতা। শারী'আতের পরিভাষায়:- প্রকাশ্য কিংবা গোপনীয় যতসব কথা ও কাজ আল্লাহ ভালোবাসেন ও পছন্দ করেন, সে সবার একটি সামষ্টিক নাম হলো ইবাদাত।

প্রতিদিন সকালে ঘুম থেকে উঠে এবং রাতে ঘুমাতে যাওয়ার পূর্ব পর্যন্ত যে সকল কাজ আমরা করি তা ইবাদত। মুমিনের হায়াতের প্রতিটি মুহূর্তই গুরুত্বপূর্ণ। কিন্তু কিছু বিশেষ সময় বা মুহূর্তকে মহান আল্লাহ তাদের জন্য অধিক গুরুত্বপূর্ণ করেছেন। তন্মধ্যে অন্যতম সময় হলো:

- ১। নির্ধারিত সময়ে ফরজ নামাজসমূহ আদায় করা
- ২। সৎ কাজের আদর্শে করা
- ৩। অসৎ কাজ থেকে নিষেধ করা
- ৪। আত্মীয়তার সম্পর্ক ঠিক রাখা
- ৫। জামাতে সালাত আদায় করা
- ৬। রাতের তাহাজ্জুদের সালাত

৭। খাবার খাওয়া

৮। ঘুম

৯। প্রতিবেশীদের সঙ্গে খোশগল্প

১০। গৃহপালিত পশু লালন-পালন

১১। বাচ্চাদের দেখভাল করা

১২। রান্না-বান্না করা । এছাড়াও অন্যান্য সবই ইবাদত।

আমাদের প্রাত্যহিক জীবনের সাধারণত আমরা যা কিছু করি সবই ইবাদত। কিছু আমাদের স্বাভাবিক জীবনযাপনের নিত্যকার ঘটনা। যদিও স্বাভাবিক দৃষ্টিতে এই কাজগুলো দুনিয়ার জীবনের জন্য, কিন্তু আমরা যদি এ কাজগুলোই আল্লাহর হুকুম এবং নবীর তরিকা মেনে বিসমিল্লাহ বলে শুরু করতে পারি তা হলে এগুলোও আমার পরকালের উপার্জন হিসেবে গণ্য হয়ে যাবে। বিবেচিত হবে ইবাদত হিসেবে।

